



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ২১০/নতুন/রেজিঃ/০৮৯৯

তারিখ : ২৫/১০/২০১৭

বিষয় : বিদ্যালয়ে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত (২০১৭ সনের জেএসসি পরীক্ষার্থী) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।

- সূত্র : (১) প্রধান শিক্ষকের ০২/০৫/২০১৭ তারিখের আবেদন।  
(২) বোর্ডের ১৩/০৮/২০১৭ তারিখের ৯৯৯৯ নং পত্র।  
(৩) প্রধান শিক্ষকের ১৬/১০/২০১৭ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ঢাকা মহানগরীর কাফরুল থানাধীন ঢাকা মেট্রোপলিটন ল্যাবরেটরী স্কুল-এর ৮ম শ্রেণিতে অধ্যয়নরত (২০১৭ সনের জেএসসি পরীক্ষার্থী) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে আবেদন করা হয়েছে। উক্ত বিষয়ে বোর্ডের ১৩/০৮/২০১৭ তারিখের ৯৯৯৯ নং পত্র দেয়া হয়েছে। আপনার প্রতিষ্ঠান ইংরেজি মাধ্যম বিদ্যালয় হিসাবে নিবন্ধিত থাকায় ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করার সুযোগ নেই। বোর্ড কর্তৃক নিম্ন মাধ্যমিক প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত পার্শ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করানোর লক্ষ্যে আগামী ২৬/১০/২০১৭ তারিখের মধ্যে বিদ্যালয় পরিদর্শকের দপ্তরে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

২। ২০১৬ সনে জেএসসি পরীক্ষায় উক্ত বিদ্যালয়ের ৪ (চার) জন শিক্ষার্থী অকৃতকার্য এবং ৪ (চার) জন পরীক্ষায় অংশগ্রহণ করেনি। বিদ্যালয়ের প্রধান শিক্ষক উক্ত ৮ (আট) জন শিক্ষার্থীকে ২০১৭ সনে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করেছেন। এমতাবস্থায়, শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত বিষয়ে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে আগামী ২৬/১০/২০১৭ তারিখের মধ্যে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

*A. T. M. Moinul Hossain*  
25.10.17

প্রফেসর এ.টি.এম. মইনুল হোসেন

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

ঢাকা মেট্রোপলিটন ল্যাবরেটরী স্কুল

কাফরুল, মিরপুর, ঢাকা।

*25/10/17*